

ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির নিমিত্তে গত ০৪/১১/২০১৮ইং তারিখে অনুষ্ঠিত “A” ইউনিটের ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বর এবং দাখিল ও আলিম পরীক্ষায় প্রাপ্ত GPA-এর সমন্বয়ে মেধা ও অপেক্ষমান তালিকা এতদসঙ্গে প্রকাশ করা হলো। পূর্ণাঙ্গ ফলাফল (মেধা এবং অপেক্ষমান) অনুষদীয় নোটিশ বোর্ড এবং www.iu.ac.bd অথবা www.iubd.info/admission ওয়েবসাইটে পাওয়া যাবে।

ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশাবলী

১. মেধা তালিকার জন্য:

মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ১৯/১১/২০১৮ ইং থেকে ২৩/১১/২০১৮ ইং তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (<http://admission.iubd.info/subject-choice>) ইউনিট, রোল নম্বর এবং মোবাইল নম্বর প্রদান করে প্রদত্ত বিভাগসমূহের পছন্দক্রম (Department Choice Form) Select করে Submit করতে হবে। মেধার ভিত্তিতে কাজিত ক্রমানুযায়ী বিভাগ প্রদান করে ২৪/১১/২০১৮ইং তারিখে ছাত্র-ছাত্রীদের মোবাইল (আবেদন করার সময় যে নম্বর প্রদান করেছে) নম্বরে এস.এম.এস করা হবে। এস.এম.এস- এ প্রদত্ত বিভাগ অনুযায়ী <http://admission.iubd.info/student-registration> ওয়েবসাইটে ভর্তির আবেদন ফরম পূরণ করে Submit করতে হবে এবং ১ কপি প্রিন্ট করে নিজের কাছে রাখতে হবে। Department Choice Form ও ভর্তির আবেদন ফরম পূরণ না করলে কোন ভর্তি প্রার্থীকে বিভাগ মনোনয়ন দেয়া হবে না।

ক) শুধুমাত্র মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের আগামী ২৭/১১/২০১৮ ও ২৮/১১/২০১৮ ইং তারিখ সকাল ১০:০০ টায় ডিন, থিওলজি এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদ-এর কার্যালয়ে প্রিন্টকৃত Department Choice Form ও ভর্তির আবেদন ফরমসহ সাক্ষাৎকারে উপস্থিত হয়ে ভর্তির অনুমতিপত্র সংগ্রহ করতে হবে এবং ভর্তি প্রার্থীকে অবশ্যই ০৩/১২/২০১৮ইং তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, ০৩/১২/২০১৮ইং তারিখের পর কোন ক্রমেই মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তি প্রার্থীগণ ভর্তির সুযোগ পাবে না।

খ) মেধা তালিকা থেকে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা শুধুমাত্র অত্র অনুষদের মধ্যে বিভাগ পরিবর্তনে আগ্রহী তাদেরকে আগামী ০৩/১২/২০১৮ইং তারিখের মধ্যে ইউনিট কর্তৃক সরবরাহকৃত ফরম পূরণ করে ডিন, থিওলজি এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদ-এর কার্যালয়ে জমা দিতে হবে। উল্লেখ্য, যে সকল ছাত্র-ছাত্রী বিভাগ পরিবর্তনের সুযোগ পাবে তাদেরকে ০৫/১২/২০১৮ইং তারিখের পর মোবাইলে SMS-এর মাধ্যমে তার প্রাপ্ত বিভাগের নাম জানানো হবে।

২. অপেক্ষমান তালিকার জন্য:

মেধা তালিকা থেকে ভর্তি সম্পন্ন হওয়ার পর আসন খালি থাকা সাপেক্ষে শূন্য আসনসমূহের জন্য অপেক্ষমান তালিকায় মেধাক্রম অনুসারে ভর্তির সুযোগ পাবে। তবে অপেক্ষমান তালিকার ভর্তি প্রার্থীগণকে আগামী ০৫/১২/২০১৮ইং থেকে ০৭/১২/২০১৮ইং তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রদত্ত বিভাগসমূহের পছন্দক্রম ও (Department Choice Form) ও ভর্তির আবেদন ফরম পূরণ করে Submit করতে হবে এবং ১কপি প্রিন্ট করে নিজের কাছে রাখতে হবে।

ক) শুধুমাত্র অপেক্ষমান তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের আগামী ০৯/১২/২০১৮ইং তারিখ সকাল ১০:০০ টায় ডিন, থিওলজি এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদ-এর কার্যালয়ে প্রিন্টকৃত Department Choice Form ও ভর্তির আবেদন ফরমসহ সাক্ষাৎকারে উপস্থিত হয়ে ভর্তির অনুমতি পত্র সংগ্রহ করতে হবে এবং ভর্তি প্রার্থীকে অবশ্যই ১২/১২/২০১৮ইং তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, ১২/১২/২০১৮ইং তারিখের পর কোনক্রমেই অপেক্ষমান তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তি প্রার্থীগণ ভর্তির সুযোগ পাবে না।

খ) অপেক্ষমান তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা শুধুমাত্র অনুষদের মধ্যে বিভাগ পরিবর্তনে আগ্রহী তাদেরকে আগামী ১২/১২/২০১৮ইং তারিখের মধ্যে ইউনিট কর্তৃক সরবরাহকৃত ফরম পূরণ করে ডিন, থিওলজি এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদ-এর কার্যালয়ে জমা দিতে হবে। উল্লেখ্য, যে সকল ছাত্র-ছাত্রী বিভাগ পরিবর্তনের সুযোগ পাবে তাদেরকে ১৪/১২/২০১৮ইং তারিখের পর মোবাইলে SMS-এর মাধ্যমে তার প্রাপ্ত বিভাগের নাম জানানো হবে।

গ) পূরণায় আসন খালি থাকা সাপেক্ষে ইতোপূর্বে অনুমোদিত ভর্তি প্রার্থীগণের পরের মেধাক্রম অপেক্ষমান তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তি প্রার্থীগণকে ভর্তির সুযোগ দেয়া হবে। তবে তাদেরকে আগামী ১৭/১২/২০১৮ইং তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে প্রদত্ত বিভাগসমূহের পছন্দক্রম (Department Choice Form) ও ভর্তির আবেদন ফরম পূরণ করে Submit করতে হবে এবং ১ কপি প্রিন্ট করে নিজের কাছে রাখতে হবে। আগামী ২৪/১২/২০১৮ইং তারিখে সাক্ষাৎকারে উপস্থিত হয়ে উপস্থিত হয়ে ভর্তির অনুমতিপত্র সংগ্রহ অবশ্যই ২৬/১২/২০১৮ইং তারিখের মধ্যে ভর্তির যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। ২৬/১২/২০১৮ইং তারিখের পর তারা তালিকায় স্থানপ্রাপ্ত থাকলেও ভর্তির সুযোগ পাবে না।

বিশেষ দ্রষ্টব্য: ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই সাক্ষাৎকারের সময় উপস্থাপন করতে হবে:

- ভর্তি পরীক্ষা কেন্দ্রে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
- দাখিল ও আলিম পরীক্ষার প্রবেশপত্র এবং রেজিস্ট্রেশন কার্ড।
- দাখিল ও আলিম পরীক্ষার মূল নম্বর পত্র, মূল সার্টিফিকেট/প্রশংসা পত্র
- সদ্য তোলা ০৮ (আট) কপি পাসপোর্ট সাইজের ছবি।

৩. আগামী ১৫/০১/২০১৯ইং তারিখ থেকে প্রথম বর্ষ বি.টি.আই.এস (সম্মান) ২০১৮-২০১৯ এর ক্লাস শুরু হবে।

বিশেষ দ্রষ্টব্য: উপরোক্ত বিজ্ঞপ্তি পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষেত্রে ইউনিট কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।